

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর
বেসরকারি কলেজ শাখা
www.dshe.gov.bd
ঢাকা

স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৫.১২.০০২.২০.৫৩

তারিখ: ২২ মাঘ ১৪২৬

০৫ ফেব্রুয়ারি ২০২০

বিষয়: রাজশাহী জেলার কেশবপুর উচ্চ বিদ্যালয় ও কলেজের সহকারী অধ্যাপকের স্কেল প্রদান


সূত্র: রাজশাহী আঞ্চলিক কার্যালয়ের পত্র নং ২৮০৪/জ:প্র: তারিখ : ২৬/১১/২০১৯ খ্রি.

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে, রাজশাহী জেলার বাঘা উপজেলাধীন কেশবপুর উচ্চ বিদ্যালয় ও কলেজের জীব বিজ্ঞান বিষয়ের প্রভাষক জনাব মো: সামরুল হক ও গণিত বিষয়ের প্রভাষক জনাব মো: জাহাজীর আলম মধ্যে সহকারী অধ্যাপক পদে পদোন্নতির স্কেল প্রদানের বিষয়ে জ্যেষ্ঠতা নির্ধারণের নির্দেশনা কামনা করে সূত্রোক্ত স্মারক মোতাবেক আবেদন করেন। প্রাপ্ত রেকর্ডপত্র অনুযায়ী প্রভাষক জনাব মো: সামরুল হক ও গণিত বিষয়ের প্রভাষক জনাব মো: জাহাজীর আলম মধ্যে জ্যেষ্ঠতার বিষয়ে তথ্যাদি নিম্নরূপ :

নাম ও বিষয়	ইনডেক্স নম্বর	যোগদানের তারিখ	এমপিওভুক্তির তারিখ
মো: সামরুল হক প্রভাষক-জীববিজ্ঞান	৮৩৬৯৬১	১৫-১২-৯৯	১-৫-২০০২
মো: জাহাজীর আলম প্রভাষক-গণিত	৮৩৬৯৫৯	০২-০১-২০০২	১-৫-২০০২

জনবল কাঠামো-২০১০(মার্চ ২০১৩ পর্যন্ত সংশোধিত) এর ১১(৪) ধারা অনুযায়ী সহকারী অধ্যাপক পদে পদোন্নতির ক্ষেত্রে নিয়োগকালীন যোগ্যতা থাকার বাধ্যবাধকতা ছিল। পরবর্তীতে জনবল কাঠামো-২০১৮ এর ১১.৪ ধারায় নিয়োগকালীন যোগ্যতার শর্তটি বাদ দেয়া হয়েছে। জনবল কাঠামো-১০১৮ এর ১৩ ধারায় জ্যেষ্ঠ শিক্ষক সহকারী অধ্যাপক পদে পদোন্নতি পাবে। জনাব মো: সামরুল হক, প্রভাষক(জীববিজ্ঞান) যোগদানের ভিত্তিতে জ্যেষ্ঠ হওয়ায় ৫:২ অনুপাতে প্রাপ্যতা থাকলে সহকারী অধ্যাপক পদে পদোন্নতির জন্য গভর্নিং বডি পদোন্নতির ব্যবস্থা গ্রহণ করবে।

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে বিষয়টি অবহিত করা হলো।



৫-২-২০২০

মোঃ আবদুল কাদের
সহকারী পরিচালক

আঞ্চলিক উপপরিচালক (ভারপ্রাপ্ত)

বিদ্যালয় ও পরিদর্শন শাখা

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা রাজশাহী অঞ্চল, রাজশাহী

স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৫.১২.০০২.২০.৫৩/১


তারিখ: ২২ মাঘ ১৪২৬

০৫ ফেব্রুয়ারি ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সভাপতি, গভর্নিং বডি, কেশবপুর স্কুল এন্ড কলেজ, বাঘা, রাজশাহী
- ২) জেলা শিক্ষা অফিসার, রাজশাহী
- ৩) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, বাঘা, রাজশাহী

8) অধ্যক্ষ, কেশবপুর স্কুল এন্ড কলেজ, বাঘা, রাজশাহী;



৫-২-২০২০

মোঃ আবদুল কাদের
সহকারী পরিচালক